AME(ICT RTHD)
13/04/2017.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১০.১৭-১২৫

তারিখ : ২৯ চৈত্র ১৪২৩
১২ এপ্রিল ২০১৭

# প্রজ্ঞাপন

যেহেতু জনাব মো: আহসান হাবীব (পরিচিতি নম্বর ৬০২২১৭), উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক বিভাগ, গাজীপুর ২০১৫-২০১৬ অর্থবছরে গাজীপুর সড়ক বিভাগাধীন পিএমপি (সেতু/কালভার্ট) এর আওতায় গাজীপুর-আজমতপুর-ইটাখোলা আঞ্চলিক মহাসড়কের (আর-৩১০) ৫ম কিলোমিটারে ৬৩.৮০ মিটার দৈর্ঘ্যের সেতু নির্মাণ কাজে তাঁর তদারকি ও অবহেলার জন্য কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার কর্তৃক স্পেসিফিকেশন বহির্ভূত নিম্নমানের পাথর মজুদ করে এবং নির্মানাধীন সেতুতে নিম্নমানের কাজ হওয়া বা হওয়ার পরিস্থিতি সৃষ্টি হয়েছিল;

যেহেতু এ বিষয়ে মৌখিক অভিযোগের ভিত্তিতে বিষয়টি অনুসন্ধানের জন্য সংশ্লিষ্ট মনিটরিং টীম গত ৩০.০৫.২০১৬ তারিখ সরেজমিনে সাইট পরিদর্শন করেন ও পরিদর্শনকালে অভিযোগের সত্যতা পায়;

যেহেতু দরপত্র অনুমোদন পত্রের (স্মারক নম্বর-৩৫.০০.০০০০.০১৫.০৭.১৫৯.১৫-১০৪৫ তারিখ: ১৫.১১.২০১৫ খ্রিস্টাব্দ) শর্ত নম্বর-০৭ এ সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে যে, দরপত্রে নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী কাজ সম্পাদন করা না হলে তার দায়-দায়িত্ব কাজ বাস্তবায়নকারী ও তত্ত্বাবধানকারী কর্মকর্তার উপর বর্তাবে;

যেহেতু দরপত্র অনুমোদন পত্রে সুস্পষ্টভাবে শর্ত থাকা সত্ত্বেও বাস্তবায়নকারী কর্মকর্তা হিসাবে তাঁর উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে চরমভাবে ব্যর্থ হয়েছেন এবং কর্তব্য কাজে অবহেলা ও দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন। এতে জনস্বার্থ দারুনভাবে বিঘ্নিত হয়েছে ও সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে;

যেহেতু জনাব মো: আহসান হাবীব, উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক বিভাগ, গাজীপুর এর উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ;

যেহেতু উক্ত কার্যকলাপ একই বিধিমালার ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণ হওয়ায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ১/২০১৭ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু তিনি গত ০৮-০৩-২০১৭ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ২৯.০৩.২০১৭ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

চলমান পাতা-২

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত বক্তব্য ও সংশ্লিষ্ট দলিল দস্তাবেজ পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার সেতু নির্মাণে ব্যবহারের উদ্দেশ্যে স্পেসিফিকেশন বর্হিভূত অত্যন্ত নিম্নমানের পাথর সাইটে মজুদ করেছিল। এ পাথর সেতু নির্মাণে ব্যবহারের অকাট্য প্রমাণ পাওয়া যায়নি। তবে সরকারি নির্দেশনা অনুযায়ী কাজ তত্ত্বাবধানে গাফিলতি হয়েছে মর্মে সুস্পষ্টভাবে প্রতীয়মান হয়;

সেহেতু এক্ষণে, জনাব মো: আহসান হাবীব (পরিচিতি নম্বর ৬০২২১৭), উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক বিভাগ, গাজীপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(এ) মোতাবেক লঘু দন্ড হিসেবে তিরস্কার (censure) দন্ডে দন্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৭.৪.২০১৭

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১০.১৭-১২৫/১(১৪)

তারিখ : ২৯ চৈত্র ১৪২৩ / ১২ এপ্রিল ২০১৭

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১২. জনাব মো: আহসান হাবীব (পরিচিতি নম্বর ৬০২২১৭), উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক বিভাগ, গাজীপুর
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

১২/৪/১৭

(যাহিদা খানম)
অতিরিক্ত সচিব
ফোন: ৯৫১৩৬৮৮